

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন
ট্রেড ইউনিয়ন রেজিঃ নং ২৩২১৯ :: ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) অনুমোদিত

মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক,
 কাঁথি১, কাঁথি, পূর্ব মেদিনীপুর

তাং ২২/০৪/২০১৪


বিষয়: সাবাজপুট বাজারে একশ্রেণীর ভেন্ডরের অত্যাচার

মাননীয় মহাশয়,

আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে আপনাকে জানাচ্ছি যে সাবাজপুট বাজারে সুকুমার দলাই, দ্বিজেন জানা, লক্ষ্মণ দলাই, শিবু দলাই'র মত একশ্রেণীর ভেন্ডর আমাদের সদস্য মৎস্যভেন্ডরদের উপর দুর্ব্যবহার ও অত্যাচার চালিয়ে যাচ্ছে। ইতিপূর্বে তারা সংগঠনের অন্যতম নেত্রী অঞ্জলি বরকে মদ্যপ অবস্থায় গালিগালাজ করে ও ধাক্কা মেরে তাঁর মাছ ফেলে দেয়। নিরাপত্তার অভাবে তিনি মাছ বিক্রি করতে অন্যত্র বসতে বাধ্য হন। ইতিপূর্বে নন্দদুলাল জানা ও অতিথি বরকে তারা বাজার থেকে উৎখাত করে। এরপর তারা জয়ন্ত বর সহ অন্যান্য কয়েকজন ইউনিয়ন সদস্যের উপর একইভাবে হামলা চালায়।


শান্তিপ্রিয় নিরীহ গরীব মৎস্যভেন্ডররা মাছ বিক্রি করে কোনমতে দিন গুজরাণ করেন। তাঁদের উপর এ ধরনের হামলা ও অত্যাচার অবিলম্বে বন্ধ করতে ও দুষ্কৃতীদের শাস্তি বিধান করতে আমরা ইউনিয়নের পক্ষ থেকে আপনার কাছে আবেদন জানাচ্ছি। এই অত্যাচার অবিলম্বে বন্ধ না হলে সামাজিক অশান্তি সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে।

বিনীত -




সুজয় জানা

সহ সভাপতি



অচিন্ত্য প্রামাণিক

সম্পাদক



- যোগাযোগ -

ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড (জনমঙ্গল সমিতির পিছনে)
 অচিন্ত্য প্রামাণিক, সম্পাদক, মোবাইলঃ ৯৮০০৭৭৭৪৫৮

সুজয় জানা, কার্যালয় আধিকারিক, মোবাইলঃ

৯৭৩৩৮৪৪২০২